

ঢাকা ওয়াসা

ক্রমিক নং-০১। সাঃপাঃশোঃ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ইং অর্থ বছরের অনুমোদিত কর্ম পরিকল্পনার কপি।

ক্রমিক নং-০২। লে-আউট।

ক্রমিক নং-০৩। নক্সা।

ক্রমিক নং-০৪। আলোচ্য কাজের ক্যালকুলেশন ও প্রাক্কলন।

বিষয়ঃ Construction of Spiral Barbed wire on the North Side Boundary wall at Sarulia Intake Pumping Station.

১.০। সারুলিয়া ইনটেক পয়েন্ট হতে “র”ওয়াটার পরিবহন করে সায়েদাবাদ পানি শোধনাগার হতে প্রতিদিন প্রায় ৪৫ কোটি লিটার পানি পরিশোধ করে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ “র”ওয়াটার পরিবহন, “ট্রিটেড”ওয়াটার ট্রান্সমিশ ও প্ল্যান্টের নিরাপত্তা অবকাঠামোসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত। সরেজমিনে পরিদর্শনান্তে দেখা যায়, সারুলিয়া ইনটেক পাম্পিং স্টেশন এ উত্তর পার্শ্বে সীমানা প্রাচীর এর উপরে Barbed wire নাই। এতে বাহিরের দৃষ্টিকারীরা যে কোন সময় অতি সহজে সীমানা প্রাচীর উপকে পাম্পিং স্টেশন এর ক্ষতি সাধন করতে পারে। জরুরী ভিত্তিতে Barbed wire স্থাপন করা প্রয়োজন। আলোচ্য কাজটি সম্পন্ন করা হলে, পাম্পিং স্টেশন এর নিরাপত্তা বৃদ্ধি পাবে।

১.১। ২০২৫-২৬ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত ক্রয় কাজটি উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-135 এবং প্যাকেজ নং- W-81 তে অন্তর্ভুক্ত রয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PW-2b অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী, সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সব কার্যক্রম সম্পাদন করা হবে।

১.২। সায়েদাবাদ পানি শোধনাগারের নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে পিডব্লিউডি-২০২২ এর সংশোধিত রেট সিডিউল এবং বর্তমান বাজার দর অনুযায়ী দাপ্তরিক প্রাক্কলন প্রস্তুত করা হল (সংযুক্ত ক্রমিক নং-০৪ দ্রঃ)। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাড়িয়েছে সর্বমোট টাঃ ৯,৯৭,৩৭৭.২৭৭ (নয় লক্ষ সাতানব্বই হাজার তিনশত সাতাত্তর দশমিক দুই সাত সাত টাকা মাত্র) টাকা। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) এর ২০২৫-২৬ইং অর্থ বছরের বাজেটের Boundary Wall Maintenance খাত (কোড ০১-০৪-০০৫) হতে নির্বাহ করা যেতে পারে।

১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে Construction of Spiral Barbed wire on the North Side Boundary wall at Sarulia Intake Pumping Station শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর এর ৬৩ (১) ধারা অনুসারে ই-জিপি পোর্টালের মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে বাস্তবায়নের অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৯,৯৭,৩৭৭.২৭৭ (নয় লক্ষ সাতানব্বই হাজার তিনশত সাতাত্তর দশমিক দুই সাত সাত টাকা মাত্র) টাকার অনুমোদন।

গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৫-২৬ইং অর্থ বছরের বাজেটের Boundary Wall Maintenance খাত (কোড ০১-০৪-০০৫) হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

26/08/25
মুহত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

26/08/25
মোঃ শফিউল আলম
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

26-08-25
রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

SE(MS/PC)

১.৪। অনুমোদিত।

মিজা গোলাম ফিরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপাশো সার্কেল, ঢাকা ওয়াসা।

SEA (Maintenance)